# AKASHVANI(AIR)
# RNU:KOLKATA
# BengaliText Bulletin

**Date 09-01-2026 Time: 1.40 P.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

১) আই প্যাকের কর্ণধারের অফিস ও বাড়িতে অভিযান এবং তদন্তে মুখ্যমন্ত্রীর বাধা দেওয়ার প্রতিবাদে বিজেপি, রাজ্যপালের দ্বারস্থ হয়েছে।

অন্যদিকে, মুখ্যমন্ত্রী ইডি-র বিরুদ্ধে ইলেক্ট্রনিক কমপ্লেক্স থানা ও সেক্সপিয়ার সরণী থানায় অভিযোগ দায়ের করেছেন।

২) কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জে পি নাড্ডা আজ নিউটাউনে চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউট পরিদর্শন করে জানিয়েছেন সেখানে আরও উন্নততর চিকিৎসার ব্যবস্থা করা হবে।

৩) রাজ্যপাল সি ভি আনন্দ বোসকে হত্যার হুমকির পরিপ্রেক্ষিতে রাজ্য রাজনীতিতে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে।

৪) পরিযায়ী শ্রমিক ও প্রবাসী ভোটারদের জন্য এস আই আর-এর শুনানি প্রক্রিয়ায় বিশেষ ছাড় দেওয়ার যে ঘোষণা নির্বাচন কমিশন করেছে, বিজেপি তাকে স্বাগত জানিয়েছে।

৫) গঙ্গাসাগর মেলায় অতিরিক্ত ভীড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আগামীকাল থেকে অতিরিক্ত ট্রেন চালাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

পুলিশ সূত্রে জানা গেছে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতকাল আই প্যাকের কর্ণধার প্রতীক জৈনের বাড়ি ও অফিসে ইডি-র তল্লাশি চালানোর ঘটনায় বিধানগর ইলেকট্রনিক্স থানায় ইডির বিরুদ্ধে একটি এফআইআর দায়ের করেছেন। মুখ্যমন্ত্রী সেক্সপিয়ার থানাতেও ইডির বিরুদ্ধে আরও একটি এফ আই আর দায়ের করেছেন।

অন্যদিকে, পুলিশও সেক্সপীয়ার থানায় ইডি-র বিরুদ্ধে একটি মামলা রুজু করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি মুখ্যমন্ত্রীর ইডির দপ্তর থেকে নথি ও ইলেকট্রনিক্স ডিভাইস নিয়ে যাওয়ার প্রতিবাদে রাজ্যপালের দ্বারস্থ হয়েছে। দলের রাজ্য কমিটির সদস্য শিশির বাজোরিয়া জানিয়েছেন,মুখ্যমন্ত্রীর এটি অপরাধমূলক কাজ। এবিষয়ে তারা রাজ্যপালের কাছে অভিযোগ জানাতে যাচ্ছেন। দলের প্রাক্তন সংসদ লকেট চট্টোপাধ্যায়,মহিলা মোর্চার সভানেত্রী ফাল্গুনী পাত্র বিজেপির প্রতিনিধি দলে উপস্থিত রয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

আইপ্যাকের কর্ণধারের অফিস ও বাড়িতে অভিযান এবং তদন্তে মুখ্যমন্ত্রীর বাধা দেওয়ার অভিযোগের মধ্যেই ইডি, কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছে। ইডি-র আইনজীবী ধীরজ ত্রিবেদী বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চের দৃষ্টি আকর্ষণ করে জানান, তাদের তদন্তের কাজে বাধা সৃষ্টি করা হচ্ছে। রাজ্যের মুখ্যমন্ত্রী ইডি আধিকারিকদের তদন্তে বাধা দিচ্ছেন। পাশাপাশি পুলিশ এ ব্যাপারে সম্পূর্ণ নিষ্ক্রীয়। অবিলম্বে আদালত হস্তক্ষেপ করুক এ বিষয়ে। বিচারপতি ঘোষ মামলা দায়েরের অনুমতি দিয়েছেন বলে খবর। অন্যদিকে, আইপ্যাকের পক্ষ থেকেও পালটা আদালতের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। তাদের পক্ষ থেকে আইনজীবী সব্যসাচী ব্যানার্জি ও অয়ন ভট্টাচার্য বিচারপতি শুভ্রা ঘোষের বেঞ্চের

দৃষ্টি আকর্ষণ করে জানিয়েছেন, তাদের সমস্ত ফাইলপত্র হাতিয়ে নেওয়ার চেষ্টা করা হচ্ছে। অবিলম্বে ইডির এই তল্লাশির উপর স্থগিতাদেশ দেওয়া হোক।

দুটি আবেদনের আজ শুনানি হতে পারে বলে সূত্রের খবর।

অন্যদিকে, গতকাল ইডি-র তল্লাশির ঘটনায় রাজ্য সরকার, শেক্সপিয়র সরণী থানায় অভিযোগ দায়ের করেছে। পুলিশের তরফেও পৃথক একটি অভিযোগ দায়ের করা হয়েছে।

ইতিমধ্যে স্বরাষ্ট্রমন্ত্রক থেকে ইডি-র কাছে এই ঘটনার বিস্তারিত রিপোর্ট তলব করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি সাংসদ রবিশঙ্কর প্রসাদ আজ নতুন দিল্লিতে দলীয় সদর দফতরে এক সাংবাদিক বৈঠকে বলেন, গতকালের আইপ্যাকের অফিস ও বাড়িতে অভিযান ও তদন্তে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর এত আতঙ্কিত হওয়ার কি আছে। কেন্দ্রীয় সংস্থা তাদের আইন অনুযায়ী এই তদন্ত চালাচ্ছিল বলে তিনি মন্তব্য করেছেন।

(বাইট – রবিশঙ্কর)

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, ইডির তল্লাশির প্রতিবাদে তৃণমূল কংগ্রেস নেত্রী মমতা ব্যানার্জীর আজ দুপুরে যাদবপুর থেকে হাজরা পর্যন্ত পদযাত্রা সম্পর্কে মন্তব্য করতে গিয়ে বিজেপির রাজ্য সভাপতি **শমীক** ভট্টাচার্য বলেছেন, মুখ্যমন্ত্রী যেকোন মিছিলেই অংশ নিতে পারেন, কিন্তু গতকালের ঘটনায় তিনি তাঁর সাংবিধানিক পদ মর্যাদাকে ক্ষুণ্ণ করেছেন।

( বাইট- শমীক অন মমতা )

০০০০০০০০০০০০০০০০০০০০০০০০

ইডি-র তল্লাশির প্রতিবাদে আজ দিল্লিতে কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকের সামনে তৃণমূল কংগ্রেসের কয়েকজন সাংসদ বিক্ষোভ দেখাতে গেলে, সাময়িক উত্তেজনা ছড়ায়।

তৃণমূল কংগ্রেসের সাংসদ ডেরেক ওব্রায়ন, মহুয়া মৈত্র, সাকেত গোখলে, প্রতিমা মন্ডল সহ কয়েকজনকে পুলিশ দ্রুত সেখান থেকে সরিয়ে দেয়।

উল্লেখ্য, গতকালের এই তল্লাশির ঘটনায় রাজনৈতিক প্রতিহিংসার অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী লাগাতার আন্দোলন কর্মসূচীর ঘোষণা করেন।

oooooooooooooooooooooo

রাজ্যপাল সিভি আনন্দ বোসকে হত্যার হুমকির পরিপ্রেক্ষিতে রাজ্য রাজনীতিতে চাঞ্চল্য সৃষ্টি হয়েছে। লোক ভবন সূত্রে এক বিবৃতিতে জানানো হয়েছে **উইল ব্লাস্ট দ্য গভর্নর** বলে একটি মেইল রাজ্যপালের দপ্তর এসে পৌঁছয়। তারপরেই নিরাপত্তা বাহিনী রাজ্যপালের সুরক্ষায় যাবতীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য তৎপর হয়ে ওঠে। মধ্যরাতে রাজ্যপালের নিরাপত্তা সঙ্গে যুক্ত কর্মীরা কলকাতা পুলিশ এবং সিআরপিএফ এর সঙ্গে যৌথভাবে নিরাপত্তার সব দিক খতিয়ে দেখেন। উল্লেখ্য রাজ্যপাল জেড প্লাস ক্যাটাগরি নিরাপত্তা পান। এদিকে রাজ্যপাল ডঃ সিভি আনন্দ বোস জানিয়েছেন, আজ তিনি নিরাপত্তা ছাড়াই কলকাতার রাস্তায় হাঁটবেন। রাজ্যবাসী রাজ্যবাসী তাকে রক্ষা করবে এই বিশ্বাস তাঁর আছে বলে রাজ্যপাল জানিয়েছেন।

oooooooooooooooooooooo

চিত্তরঞ্জন ন্যাশনাল ক্যান্সার ইনস্টিটিউট দ্রুত রোগ নির্ণয়ের জন্য উন্নত মানের এমআরআই এবং পিইটি-সিটি পরিষেবা চালু করছে। কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা আজ কলকাতায় হাসপাতালের নিউটাউন ক্যাম্পাস পরিদর্শন করে চিকিৎসকদের সঙ্গে এক বৈঠকে জানিয়েছেন,হাজরা ক্যাম্পাসে এই নতুন সুবিধা চালু করা হবে। এর ফলে দ্রুত রোগ নির্ণয়ের পাশাপাশি সময়মতো চিকিৎসা শুরু করা যাবে। তিনি বলেন,

সিএনসিআই ভারতের প্রথম সরকারি ক্যান্সার হাসপাতাল হিসেবে এনএবিএইচ সার্টিফিকেট অর্জন এবং রাজ্যের একমাত্র সরকারি হাসপাতাল হিসেবে ল্যাবরেটরি বিভাগে এনএবিএল স্বীকৃতি লাভ করে মাইলফলক অর্জন করেছে। গত ৩বছরে সিএনসিআই-এর প্রতি মানুষের আস্থা বৃদ্ধি পেয়েছে। বহির্বিভাগীয় চিকিৎসা, ডায়াগনস্টিক পরিষেবা,সার্জারি, কেমোথেরাপি এবং রেডিওথেরাপি উল্লেখযোগ্য ভাবে বৃদ্ধি পেয়েছে।

oooooooooooooooooooooooo

**পরিযায়ী শ্রমিক ও প্রবাসী ভোটারদের জন্য SIR-এর শুনানি প্রক্রিয়ায় বিশেষ ছাড় দেওয়ার কথা যে ঘোষণা, নির্বাচন কমিশন করেছে,** বিজেপি তাকে স্বাগত জানিয়েছে।

রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সোশ্যাল মিডিয়াযর এক বার্তায় বলেন, এর ফলে বর্তমানে রাজ্যের বাইরে থাকা ভোটাররা, শুনানিতে উপস্থিত হওয়া থেকে ছাড় পাবেন। তাঁদের প্রতিনিধি হিসেবে পরিবারের লোকেরা, প্রয়োজনীয় নথিপত্র নিয়ে শুনানিতে অংশ নিতে পারবেন।

উল্লেখ্য, ছাত্র ছাত্রী, হাসপাতালে চিকিৎসাধীন রোগী, অস্থায়ীভাবে থাকা বেসরকারি ও সরকারি কর্মচারী, সামরিক বাহিনী ও প্যারামিলিটারিতে নিযুক্ত এবং বিদেশে বসবাসকারী ভোটদাতারা সংশ্লিষ্ট ব্যক্তির পরিবারের সদস্যরা এর ফলে চিন্তামুক্ত হবেন।

oooooooooooooooooooooooo

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধন প্রক্রিয়ার দ্বিতীয় পর্যায়ে রাজ্যজুড়ে গতকাল ৭ লক্ষ ২৫ হাজার ৮৯৯ জন ভোটারের শুনানি সম্পন্ন হয়েছে। গতকাল একদিনে শুনানি হয়েছে মোট ৬৮ হাজার ৫৭৭ জন ভোটারের। কমিশন সূত্রে জানা গিয়েছে, পশ্চিমবঙ্গে এসআইআর পর্বে মোট ৩১ লক্ষ ৬৮ হাজার ৪২৬ জন ভোটারকে 'আনম্যাপড' বলে চিহ্নিত করা হয়েছিল। অর্থাৎ যে সকল ভোটার ২০০২ সালের ভোটার তালিকায় নিজেদের নাম, পরিবারের সদস্যদের নামের সঙ্গে সঠিকভাবে

লিঙ্ক করতে পারেননি, তাঁরাই আনম্যাপড হিসাবে চিহ্নিত হয়েছিলেন। গতকাল এক বিজ্ঞপ্তিতে সিইও দফতর জানিয়েছে, সেই 'আনম্যাপড'দের মধ্যেই মোট ২৫ লক্ষ ৬০ হাজার ৪৭৬ জন ভোটারের কাছে শুনানি নোটিস পৌঁছে দেওয়া হয়েছে।

oooooooooooooooooooooooo

সুপ্রিম কোর্টের রায়ের প্রেক্ষিতে টেট পাস না করা শিক্ষকদের সংখ্যা কত, তা জানতে চেয়ে সব রাজ্যকে চিঠি দিয়েছে কেন্দ্র।

উল্লেখ্য, গত সেপ্টেম্বরে সুপ্রিম কোর্ট নির্দেশ দেয়, সারা দেশে প্রাথমিক ও উচ্চ প্রাথমিক শিক্ষকদের টেট পাস করতে হবে। যাঁরা টেট পাস করেননি, তাঁদের পরবর্তী দু'বছরের মধ্যে ওই পরীক্ষায় পাশ করতে হবে। না হলে চাকরি ছাড়তে হবে বলেও শীর্ষ আদালত জানিয়েছিল। এই রায় পুনর্বিবেচনার জন্য সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় একাধিক রাজ্য। শিক্ষক সংগঠনগুলির দাবি, এই রায় কার্যকর হলে দেশে বহু শিক্ষক চাকরি হারাবেন। সূত্রের খব

র, শিক্ষা মন্ত্রক চিঠিতে রাজ্যগুলির কাছ থেকে জানতে চেয়েছে, সুপ্রিম কোর্টের রায়ের ফলে কোন রাজ্যে কত শিক্ষক অসুবিধায় পড়তে চলেছেন। কর্মরত শিক্ষক-শিক্ষিকাদের জন্য আলাদা করে চাকরি ও আর্থিক সুরক্ষায় কী বন্দোবস্ত করা হচ্ছে, তা জানাতে বলা হয়েছে রাজ্যগুলিকে।

সমস্যা সমাধানে উভয় সরকারের পদক্ষেপ গ্রহণ করার দাবি জানিয়েছে শিক্ষানুরাগী ঐক্য মঞ্চ । মঞ্চের সাধারণ সম্পাদক কিংকর অধিকারী বলেন, এর ফলে দেশের লক্ষ লক্ষ নিরপরাধ শিক্ষকদের বিপদের দিকে ঠেলে দেওয়া হচ্ছে।

oooooooooooooooooooooooo

নতুন দিল্লিতে আজ শুরু হচ্ছে 'বিকশিত ভারত ইয়ং লিডারস্ ডায়লগ ২০২৬'। ভারত মন্ডপমে এই অনুষ্ঠান চলবে ১২ই জানুয়ারি পর্যন্ত।

পশ্চিমবঙ্গ থেকে ৪৫জনের বেশি যুবক যুবতী অনুষ্ঠানে যোগদানের জন্য নির্বাচিত হয়েছে।

প্রাথমিকভাবে দেশজুড়ে ৫০লক্ষেরও বেশি তরুণ তরুণী এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছিল। তাদের মধ্যে থেকেই চূড়ান্ত পর্বের জন্য ১৫ হাজার যুবক যুবতীকে বেছে নেওয়া হয়।

উল্লেখ্য, বিকশিত ভারত ইয়ং লিডার্স ডায়লগ ২০২৬ দেশের যুবসমাজকে নীতি নির্ধারক এবং জাতীয় নেতৃত্বের সঙ্গে সংযুক্ত করার একটি মাধ্যম। এই কর্মসূচিতে দেশের দীর্ঘমেয়াদি উন্নয়নের লক্ষ্যের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ বিভিন্ন ক্ষেত্রে বিষয়ভিত্তিক আলোচনা, বিশেষজ্ঞদের সঙ্গে আলাপচারিতা এবং নানা উপস্থাপনার আয়োজন করা হয়েছে।

সমাপ্তি অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooooo

গঙ্গাসাগর মেলায় প্রত্যাশিত ভিড় সামাল দিতে পূর্ব রেলের শিয়ালদা ডিভিশন আগামীকাল থেকে আগামী ১৬ই জানুয়ারি পর্যন্ত অতিরিক্ত ট্রেন চালাবে। ওই সময়কালে প্রতিদিন ১৮-টি গ্যালোপিং মেলা স্পেশাল ট্রেন চালানো হবে। ১৮ টি EMU মেলা স্পেশালের মধ্যে ৬ টি শিয়ালদা দক্ষিণ শাখা, দুটি কলকাতা স্টেশন , ৯টি ট্রেন নামখানা ও একটি কাকদ্বীপ স্টেশন থেকে ছাড়বে। গালোপিং মেলা স্পেশাল ট্রেন গুলি বালিগঞ্জ, সোনারপুর, বারুইপুর, লক্ষ্মীকান্তপুর, নিশ্চিন্দপুর এবং কাকদ্বীপ ষ্টেশনে থামবে।

কলকাতা স্টেশন থেকে যাত্রা শুরু করা মেলা স্পেশাল ট্রেন গুলি কলকাতা ও মাঝেরহাটের মধ্যে সব স্টেশনে থামবে বলে রেল সূত্রের খবর।

oooooooooooooooooooooo

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর ১ লক্ষ যুবককে লিডারশিপ কোয়ালিটি তৈরীর লক্ষ্যে "মাই ভারত লিডারশিপ বুটক্যাম্প" এর আজ রায়গঞ্জে ভারত সরকারের যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের মেরা যুবা ভারত (My Bharat) এর উদ্যোগে লিডারশিপ তৈরীর তিনদিনের

ক্যাম্প এর শুভারম্ভ হলো। রায়গঞ্জ ক্যাড়িটাক্স হল। উদ্বোধন করলেন রায়গঞ্জে সাংসদ কার্তিক চন্দ্র পাল।

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo

oooooooooooooooooooooooo